

অতীব জরুরী
ই-মেইল যোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশিবাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং ৫৮.০৪.০০০০.০২১.০২.০০১.১৯- ২৮৫

তারিখঃ ২৬ ফাল্গুন' ১৪২৬
২০ মার্চ '২০২০

বিষয় : নোভেল করোনা ভাইরাস কারাগারে বিস্তার রোধে জরুরী নির্দেশনা।

বরাত : কারা অধিদপ্তরের পত্র নং-৫৮.০৪.০০০০.০০২.০২.০০৪.২০-০১ তারিখ: ২৩-২-২০২০

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশে কোভিড-১৯ রোগী সনাক্ত হয়েছে। দেশের কারাগারগুলোতে কাজের প্রকৃতিগত ধরণ অনুযায়ী প্রাত্যহিক উল্লেখযোগ্য সংখ্যক জনসমাগম ঘটে থাকে, যা সম্পূর্ণরূপে রোধ করা দুরূহ ব্যাপার। বিরাজমান পরিস্থিতিতে কারাবন্দি ও কর্মকর্তা/কর্মচারী এবং তাঁদের পরিবারবর্গের যথেষ্ট স্বাস্থ্য ঝুঁকি বিদ্যমান। ফলে নোভেল করোনা ভাইরাস প্রতিরোধে সর্বোচ্চ অগ্রাধিকার ও গুরুত্ব দিয়ে সক্রিয়/সচেতন থাকা অত্যাাবশ্যিক ও সকলের অপরিহার্য দায়িত্ব। কারাগার একটি সংবেদনশীল প্রতিষ্ঠান হিসেবে এর বন্দিদের নিরাপদ আটক ও কারাগারের তথা বন্দিদের স্বাস্থ্য সুরক্ষার জন্য বরাতে উল্লিখিত পত্রের নির্দেশনার আলোকে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ বাস্তবায়ন করার জন্য নির্দেশ দেয়া হলোঃ

১. প্রত্যেক কারাগারের মূল ফটকে সাবান/হ্যান্ড ওয়াশ/হ্যান্ড স্যানিটাইজার স্থানীয় ব্যবস্থাপনায় প্রস্তুত রাখতে হবে। ডিউটিতে গমনরত কারারক্ষীগণ এবং আদালত থেকে আগত ও নতুন আগত বন্দিগণ যেন হাত ও মুখ অন্ততঃ ২০ সেকেন্ড ভালোভাবে ধৌত করে কারাগারে প্রবেশ করে এবং করোনার আপাতঃ লক্ষণ দর্শনার্থীদের কারো মধ্যে পরিলক্ষিত হলে তিনি যেন কারা এলাকায় প্রবেশ করতে না পারেন তা সৌজন্যতার সাথে নিশ্চিত করতে হবে। সুনির্দিষ্ট জনবলকে ডিউটি প্রদান করার মাধ্যমে বর্ণিত বিষয়গুলি নিশ্চিত করতে হবে।

২. কারাফটকে শরীরের তাপমাত্রা মাপার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা/থার্মোমিটার (সম্ভব হলে ইনফারেড থার্মোমিটার) পর্যাপ্ত সংখ্যায় রাখতে হবে এবং কারাভ্যন্তরে গমনেছু বন্দি/কারারক্ষি নির্বিশেষে সকলের দেহের তাপমাত্রা পরিমাপ করে সুস্থতা সম্পর্কে প্রাথমিকভাবে যথাসম্ভব নিশ্চিত হতে হবে। কারো সুস্থতার ব্যাপারে সংশয় সৃষ্টি হলে তাকে ততক্ষণে পৃথক করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং প্রয়োজনবোধে পরীক্ষা-নিরীক্ষার জন্য জাতীয় হটলাইনে যোগাযোগ করতে হবে।

৩. কারাগারে নতুন আগত বন্দিদের অন্ততঃ ১৪ দিন পর্যবেক্ষণে রাখার জন্য ১টি আমদানি ওয়ার্ড এবং সাধারণ ওয়ার্ডে স্থানান্তর করার পূর্বে আরো ১টি বাফার/অন্তর্বর্তীকালীন আমদানী ওয়ার্ড এর ব্যবস্থা থাকবে, যেখানে আরো ১৪ দিন অবস্থানের পরই বন্দিগণ সাধারণ ওয়ার্ডে স্থানান্তর হবেন। উক্ত ২টি আমদানী ওয়ার্ডে অবস্থানরত বন্দিদের সংস্পর্শে অন্যান্য বন্দি ও কারারক্ষিদের আসা যথাসম্ভব পরিহার করতে হবে।

৪. কারাফটক, সাক্ষাত কক্ষ, দর্শনার্থীদের অপেক্ষাগার ও ডিউটি বটন (লাইস) রুমের সম্মুখে দর্শনযোগ্য স্থানে করোনা ভাইরাস সনাক্তকরণ সংক্রান্ত জাতীয় হটলাইন নম্বরসমূহ প্রদর্শন করতে হবে।


৫. পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জেলকোড পুঞ্জানুপুঞ্জভাবে অনুসরণ করতঃ হাজতি বন্দিদের প্রতি ১৫ দিন অন্তর ও কয়েদি বন্দিদের প্রতি ৩০ দিন অন্তর সাক্ষাৎ নিশ্চিত করতে হবে এবং এর চেয়ে কম বিরতিতে দেখা-সাক্ষাত কোনক্রমেই করানো যাবে না। প্রত্যেক বন্দির সাথে সর্বোচ্চ ২ জন সাক্ষাতপ্রার্থী দেখা করতে পারবেন। জেল সুপার ও জেলার নিবিড় তদারকির মাধ্যমে উল্লিখিত বিষয়গুলি নিশ্চিত করবেন, মাসিক রিটার্নে এ নিশ্চিতকরণের প্রত্যয়ন প্রদান করবেন এবং কোনরকম ব্যত্যয় হলে তীরা ব্যক্তিগত ভাবে দায়ী থাকবেন।

৬. বন্দিদের জন্য ভিটামিন সি সমৃদ্ধ খাবার তথা ভিটামিন সি এর দৈনিক চাহিদা পূরণ নিশ্চিত করতে হবে। কারাগারের রন্ধনশালায় সর্বোচ্চ পরিচ্ছন্নতা অবলম্বন করতে হবে। খাবার রান্নার সময় নিশ্চিত করতে হবে যেন খাদ্যসামগ্রী পর্যাপ্ত পরিমাণে স্বেদ হয় এবং কোন খাবারই অর্ধস্বেদ বা কঁচা না থাকে। একইসাথে, খাবারের পুষ্টিগত মান ও নিশ্চিত করতে হবে।

৭. করোনা আক্রান্ত সন্দেহাধীন কোন বন্দির জামিননামা আসলে তাকে জামিন ছাড়ার পূর্বে স্থানীয় সিভিল সার্জনকে অবগত করতঃ তাঁর দিক-নির্দেশনা গ্রহণ করে তারপরই বন্দিকে জামিন ছাড়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে। এরূপ বন্দি সংক্রান্ত তথ্য কারা উপ-মহাপরিদর্শককেও অবহিত করতে হবে।

৮. কারা আবাসিক এলাকায় অবস্থানরত কোন কর্মচারী বা তাদের পরিবারবর্গের মধ্যেও রোগের লক্ষণ দেখা গেছে কিনা সে বিষয়ে সচেতন থাকতে হবে। প্রাত্যহিক রোলকলে স্বাস্থ্য ঝুঁকি ও করণীয় সম্পর্কে সকলকে অবগত ও নিয়মিত প্রেরণা প্রদান করতে হবে।

পরিশেষে, ডেঞ্জু প্রতিরোধে কারা বিভাগের বিগত বছরের সাফল্যে অনুপ্রাণিত হয়ে এবং দেশের করোনা সংক্রমণের বর্তমান ঝুঁকি ও গুরুত্ব অনুধাবন করে উপরোক্ত কার্যক্রম গ্রহণ ও যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেয়া হলো।


মোঃ আশ্ফার হোসেন
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
addi.ig@prison.gov.bd

১. কারা উপ মহাপরিদর্শক
সকল বিভাগ, সকল সদর দপ্তর।
২. সিনিয়র জেল সুপার/জেল সুপার
সকল কেন্দ্রীয়/ জেলা কারাগার।
৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা।
উল্লিখিত নির্দেশনাটি কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।